# DR. KANAILAL BHATTACHARYYA COLLEGE

DEPARTMENT OF POLITICAL SCIENCE

TOPIC NAME: POWERS AND FUNCTIONS OF PRESIDENT

SEMESTER VI

NAME : SUPRIYA JANA

COLLEGE ROLL NO : 1200205

## আজকের বিষয়বস্তু হলো রাষ্ট্রপতির ক্ষমতা ও পদমর্যাদাএবং জরুরি অবস্থা সংক্রান্ত ক্ষমতা সমূহ

# রাষ্ট্রপতির ক্ষমতা ও পদমর্যাদাঃ

**ভূমিকা :** ভারতের শাসনব্যবস্থা যুক্তরাষ্ট্রীয় ।কেন্দ্রীয় শাসন বিভাগের প্রধান হলেন রাষ্ট্রপতি। সংবিধানের53 (1) ধারা অনুযায়ী শাসন বিভাগের ক্ষমতা অর্পন করা হয়েছে। ভারতের রাষ্ট্রপতি হলেন নিয়মতান্ত্রিক শাসক প্রধান। তার নামই দেশের প্রশাসন পরিচালিত হয়। তার সম্মতি ছাড়া সংসদের কোনো বিলই আইনে পরিণত হতে পারে না। অতএব ক্ষমতা সংবিধান গতভাবে অর্পণ থাকে বলে 'মর্যাদাসম্পন্ন' হয়ে ওঠেন।

**যোগ্যতা:** ভারতের একক হস্তান্তর যোগ্য ভোটের দ্বারা প্রতিনিধিত্ব মূলক সমানুপাতিক প্রতিনিধিত্ব' ব্যবস্থার ভিত্তিতে নির্বাচিত হয়ে থাকেন। রাষ্ট্রপতি নির্বাচনের পদপ্রার্থীর যেসব যোগ্যতা থাকা আবশ্যক সেগুলি হলো:

1. তিনি অবশ্যই ভারতের নাগরিক হবেন।
2. তিনি অন্ততপক্ষে 35 বছর বয়স্ক হবেন।
3. তিনি অবশ্যই সংসদের নিম্নকক্ষ লোকসভার সদস্য হিসাবে নির্বাচিত হবার যোগ্যতার অধিকারী হবেন ।
4. তিনি কেন্দ্র ও রাজ্য আইনসভার সদস্য হতে পারবেন না।
5. তিনি কোনো লাভজনক পদে আসীন থাকতে পারবেন না।

- **রাষ্ট্রপতির পদমর্যাদাঃ** ভারত রাষ্ট্রের রাষ্ট্রপ্রধান হিসেবে ভারতীয় রাষ্ট্রপতির হাতে ভারতীয় সংবিধান ব্যাপক ক্ষমতা অর্পন করেছে, যথা শাসনগত, আইনগত , বিচার সংক্রান্ত , অর্থসংক্রান্ত সামাজিক কূটনীতি ইত্যাদি এবং এমনকি গুরুত্বপূর্ণ জরুরি অবস্থা সংক্রান্ত চূড়ান্ত ক্ষমতাটিও। ভারতীয় সংবিধানে 74নং ধারাটিতে রাষ্ট্রপ্রতিকে কেন্দ্রীয় মন্ত্রী-সহ প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ করতে বাধ্য করা হয়েছে।

- রাষ্ট্রপতি যেহেতু সংসদের নিকট তার কাজের জন্য দায়িত্বশীল নন সেহেতু তার হাতে প্রকৃত ক্ষমতা দেওয়ার কোন অর্থ হয়না।

- ভারতীয় সংবিধানের 50 নং ধারা অনুযায়ী মর্যাদা রক্ষা করার শপথ গ্রহণ করেন। 86/2 নং ধারা অনুযায়ী রাষ্ট্রপতি ভারতীয় কেন্দ্রীয় আইনসভার উচ্চকক্ষের বাণী প্রেরণ করতে পারেন।

- সংবিধানের 42তম সংশোধনীতে বলা হয়েছে,রাষ্ট্রপতি তার কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে মন্ত্রিসভা সাহায্য ও পরামর্শ অনুযায়ী রাষ্ট্রীয় কাজ করবেন। রাষ্ট্রপতির পথটি একদিকে যেমন গণতান্ত্রিক তেমনি অন্যদিকে নির্বাচিত রাষ্ট্রপ্রধানের ক্ষমতা সমৃদ্ধও বটে।



ড: রাজেন্দ্র প্রসাদ

ভিভি গীরি

ড: সর্বপল্লী রাধাকৃষ্ণন



ফখরুদ্দিন আলি আহমেদ




ড: জাকির হোসেন

**রাষ্ট্রপতির ক্ষমতাসমূহ:** রাষ্ট্রপতির হাতে যে সমস্ত ক্ষমতা দেওয়া হয়েছে তা মূলত 7 ভাগে ভাগ করা।

- প্রশাসনিক ক্ষমতা , আইন সংক্রান্ত ক্ষমতা , কূটনৈতিক ক্ষমতা , সামরিক ক্ষমতা, বিচার বিভাগীয় ক্ষমতা , অর্থনৈতিক ক্ষমতা , জরুরি অবস্থা সংক্রান্ত ক্ষমতা।

## 1. প্রশাসনিক ক্ষমতা:

- প্রধানমন্ত্রী, অঙ্গরাজ্যের রাজ্যপালগণ, সুপ্রিম কোর্ট হাইকোর্টের বিচারপতি, এটর্নী জেনারেলদের নিয়োগ করেন এবং প্রয়োজন মতো অপসারণ করার ক্ষমতাও রাখেন।

- তিনি হলেন রাষ্ট্রের প্রশাসনিক ক্ষমতার চূড়ান্ত অধিকর্তা। তার নামেই ভারত রাষ্ট্রের প্রশাসন পরিচালিত হয়ে থাকে। তিনি ভারতের পক্ষে যুদ্ধ ও শান্তি ঘোষণা করতে পারবেন , প্রশাসনের সাথে সংশ্লিষ্ট যাবতীয় কাজই তার নামেই সম্পাদিত হয়ে থাকে।

## 2. আইন সংক্রান্ত ক্ষমতা :

- রাষ্ট্রপতি ভারতের কেন্দ্রীয় আইনসভার সংসদের অধিবেশন আহ্বান করেন এবং স্থগিত রাখেন। তিনি প্রয়োজনে লোকসভা ভেঙে দিতে পারে এবং নতুন নির্বাচন ঘোষণা করতে পারেন।
- রাষ্ট্রপতির সম্মতি ছাড়া সংসদ প্রণীত কোনো বিল আইনে পরিণত হতে পারেনা। রাষ্ট্রপতির সম্মতি জ্ঞাপন করলে বা স্বাক্ষর প্রদান করলে আইনে পরিনত হতে পারে।
- রাজ্যসভা ও লোকসভার মধ্যে কোন বিল বা অন্য কোন বিষয় মতবিরোধ দেখা দিলে রাষ্ট্রপতি তা দূর করার জন্য উভয় কক্ষের যৌথ অধিবেশন আহ্বান করতে পারেন ।
- লোকসভা ও রাজ্যসভায় বিবেচনাধীন বিষয় বা অন্য কোন বিষয় 'বাণী' প্রেরণ করতে পারেন।
- সংসদের অধিবেশন স্থগিত থাকাকালে রাষ্ট্রপতি বিশেষ জরুরী আদেশ বা অধ্যাদেশ জারি করে সংসদের আইনপ্রণয়নের ক্ষমতা নিজের হাতে তুলে নিতে পারে।
- শিক্ষা, সংস্কৃতি, সাহিত্য, বিজ্ঞান, চারুকলা, সমাজ সেবা প্রভৃতি বিষয়ে বিশিষ্ট ব্যক্তিগণের মধ্যে থেকে 12 জনকে সংসদের উচ্চকক্ষ রাজ্যসভার সদস্য হিসাবে মনোনীত করেন এবং ইঙ্গ ভারতীয় সম্প্রদায়ের 2 জন প্রতিনিধিকে লোকসভায় মনোনীত করতে পারেন।

**3. <u>কুটনৈতিক ক্ষমতা</u>:** ভারতের রাষ্ট্রপতি রাষ্ট্রের বৈদেশিক সম্পর্ক বিষয়ে যাবতীয় ক্ষমতা ভোগ করেন। তিনি ভারতের হয়ে যাবতীয় আন্তর্জাতিক সন্ধি বা চুক্তি স্বাক্ষর করেন। বিদেশ রাষ্ট্রগুলোতে ভারতের রাষ্ট্রদূত ও কূটনৈতিক প্রতিনিধি নিয়োগ করেন। ভারতের আগত রাষ্ট্রদূতদের পরিচয় পত্র গ্রহণ করেন।

**4. <u>সামরিক ক্ষমতা</u>:** ভারতের রাষ্ট্রপতি বিমান বাহিনীর সর্বাধিনায়ক। তিনি ভারতের পক্ষে যুদ্ধ ঘোষণা করেন। শান্তি স্থাপন করার ক্ষমতাও ভোগ করেন। ভারতের সেনা নায়কগণকেও নিয়োগ করে থাকেন। যুদ্ধ শান্তি বিষয়ক সমস্ত ক্ষমতা তার হাতে ন্যস্ত।

**5. <u>বিচারবিভাগীয় ক্ষমতা</u>:** ভারতের রাষ্ট্রপতি সুপ্রিম কোর্ট ও হাইকোর্টের বিচারপতিদের নিয়োগ করে থাকেন। তিনি দণ্ডপ্রাপ্ত ব্যক্তির শাস্তি মুকুব করতে পারেন বা শাস্তির পরিমাণ হ্রাস করতে পারেন। তিনি ফাঁসির দন্ডপ্রাপ্ত ব্যক্তির ফাঁসি রোধ করে দিতে পারেন। এমনকি তিনি অপরাধীর অপরাধ মার্জনাও করতে পারেন।

**6. <u>অর্থনৈতিক ক্ষমতা</u>:** ভারতের রাষ্ট্রপতি কে পার্লামেন্টের কাছে প্রতিবছর সরকারি ব্যয় সংক্রান্ত বাজেট পেশ করার ব্যবস্থা করতে হয়। তার সুপারিশ ব্যতীত কোন কর ধার্য করা যায় না ও ঋণ গ্রহন করা যায় না। তিনি ভারত সরকারের আয় ব্যয় পরিচালনাকারী কম্পট্রোলার ও অডিটর জেনারেলকে নিয়োগ করে থাকেন। তিনি অর্থকমিশনের রিপোর্ট সংসদে পেশ করে থাকেন।

# Thank You